# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮১৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যেসব সূরা উল্লেখ করলাম, ফজরের সালাতে সেসব সূরা পাঠ করা বৈধ মর্মে বর্ণনা

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يَقْرَأَ فِي صَلَاةِ الْغَدَاةِ مَا ذَكَرْنَا مِنَ السُّوَرِ

আরবী

1816 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا مُحْرِزُ بْنُ عَوْنٍ قَالَ: حَدَّثَنَا خَلَفُ بْنُ خَلِيفَةَ عَنِ الْوَلِيدِ بْنِ سَرِيعٍ عَنْ عَمْرِو بْنِ حُرَيْثٍ قَالَ: صَلَّيْتُ خَلْفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْفَجْرَ فَسَمِعْتُهُ يَقْرَأُ: {فلا أُقسم بالخُنَّس * الجوار الكنس} [التكوير: 15-16] وَكَانَ لَا يَحْنِي رَجُلٌ مِنَّا ظَهْرَهُ حَتَّى يستتمَّ ساجداً.
الراوي : عَمْرو بْن حُرَيْثٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1816 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 63)، ((صحيح أبي داود)) (776): م دون جملة الانحناء، وستأتي من حديث البراء (رقم 2223 و 2224).

বাংলা

১৮১৬. আমর বিন হুরাইস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে ফজরের সালাত আদায় করেছি। আমি শুনলাম, তিনি পড়ছেন, فلا أُقسم بالخُنَّس * الجوار الكنس (সুতরাং আমি শপথ করছি  পশ্চাদপসরণকারী নক্ষত্রের, যা চলমান এবং ক্রমশ অদৃশ্য হয়ে যায়। সূরা তাকভীর: ১৫-১৬) তিনি পরিপূর্ণভাবে সাজদায় গমন না করা পর্যন্ত আমাদের কেউ তার পিঠ অবনমিত করতেন না।”[1]

ফুটনোট

[1] আবূ ইয়ালা: ১৪৫৭; সহীহ মুসলিম: ৪৭৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৭২১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ:

১/৩৫৩; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৭৭; হুমাইদী: ৫৬৭; মুসনাদ আহমাদ: ৪/৩০৬; দারেমী: ১/২৯৭; আবূ দাউদ: ৮১৭; ইবনু মাজাহ: ৮১৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে উৎকৃষ্ট বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৭৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আমর ইবন হুরায়স (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91032

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন